

খণ্ড 6

DeKalb County School District-এর পক্ষ থেকে শুভেচ্ছা,

DeKalb County School District-এর পক্ষ থেকে আমি 2020-2021 শিক্ষাবর্ষে সকল শিক্ষার্থী ও কর্মীকে স্বাগত জানাচ্ছি! এই স্কুল শিক্ষাবের ব্যাপারে আমি সত্যিই খুব উৎসুক, আশা করব আপনিও সেইরকমই মনে করেন। মুখোমুখি বা ভার্চুয়াল যা হোক না কেন, আপনার পেশার প্রস্তুতি, আজীবন শিক্ষা এবং শিক্ষাগত সাফল্যের পথে আপনি যাতে সঠিকভাবে এগোতে পারেন তাতে আমি সর্বদাই আপনার পাশে থাকব।

এই সপ্তাহে আমাদের প্রধান লক্ষ্যই হবে উৎকর্ষতার শীর্ষে পৌঁছনো। আমাদের ডিস্ট্রিক্ট যাতে এই সমস্যাবহুল সময়েও যথাযথভাবে কাজ করতে পারে, তার জন্য আমাদেরকে অবশ্যই সর্বোচ্চ মান বজায় রাখতে হবে। এই সপ্তাহে রিজিয়ন ফাইভ ঘুরে দেখে আমি বেশ কিছু বিষয়ে অনুপ্রেরণা লাভ করেছি যার মধ্যে ছিল - Dr. Martin Luther King Jr. High School Cluster, Miller Grove High School Cluster, এবং Southwest DeKalb High School Cluster সহ এলিমেন্টারি ও মিডল স্কুল। আমি সাদর অভিবাদন সহ একটি সর্বাঙ্গীণ প্ল্যান পেয়েছি যাতে স্পষ্ট করে বলা ছিল যে আমাদের বিদ্যার্থীদের উৎকর্ষতা লাভ করার জন্য কী কী প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে। এই "ফাইভ-স্টার রিজিয়নটি" সাম্য ও সহজলভ্যতাকে শীর্ষ অগ্রাধিকারে পরিণত করে শিক্ষার্থীদের সাফল্য বাড়িয়েছে। কৌশল ও লক্ষ্যের মেলবন্ধন করার কাজে ডেটা দিয়ে সর্বাঙ্গীণ প্ল্যান বানিয়ে দেওয়ার জন্য রিজিয়ন ফাইভকে অসংখ্য ধন্যবাদ।

এই স্কুল শিক্ষাবর্ষ শুরু করতে চলার সময়, সাম্য ও সহজলভ্যতা শিক্ষার্থীদের সাফল্যের জন্য কতটা গুরুত্বপূর্ণ হতে পারে তা একবার মনে করা যাক। আমাদের কৌশল পরিকল্পনায় 3 নম্বর লক্ষ্য হল সরকারি শিক্ষায় সহজলভ্যতা বজায় রাখা এবং সব DCSD শিক্ষার্থীকে সাফল্য এনে দেওয়া, বিশেষ করে যে জনগোষ্ঠীর শিক্ষার্থীরা পিছিয়ে রয়েছে। ডিজিটাল জগতের অসুবিধা বা খাবার সংক্রান্ত অনিরাপত্তার বিষয়, যাইহোক না কেন ফাঁকের জায়গাগুলি শনাক্ত করা ও চটপট সেগুলির সমাধান করে আবার লক্ষ্যের দিকে এগোনোর কাজে আমি Dr. Weaver এবং তার দলকে বিশেষ কৃতিত্ব দেব।

রিজিয়ন 5-তারা উৎকর্ষতা

আমি শিক্ষার্থীদের প্রয়োজনীয়তা এবং সুস্থতা নিয়ে ভার্চুয়ালি DeKalb County ফেথ-বেসড লীডার Dunwoody Mayor Lynn Deutsch এবং কমিশনার Larry Johnson-এর সাথে আলোচনা করার সুযোগও পেয়েছি। চাইল্ড অ্যাডভোকেটদের সাথে দেখা হয়েও নিশ্চিত হয়েছি, যারা একই লক্ষ্য ও সমস্যার বিষয় জানিয়েছেন। আমাদের বিদ্যার্থীদের সাফল্যলাভের পথে এগিয়ে দিতে একসাথে কাজ করার ক্ষেত্রে যাতে আমাদের গ্রামগুলিকেও একত্রিত করা হয় সেই বিষয়ে কমিউনিটি রিলেশনস টিমের অংশগ্রহণ আশা করব। আপনার মতামত ও নির্দেশের জন্য আমি খুবই কৃতজ্ঞ এবং একসাথে মিলে যে আমরা উৎকর্ষতা আনতে পারব সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

আমরা এই নতুন এবং অপ্রত্যাশিত সফরে একসাথে চলব, তাই আমি চাই পুরো বছর ধরে আপনি নিজের মনে যেন একটি লক্ষ্য নিয়ে চলেন, বিশেষ করে পরিস্থিতি জটিল হলে সেটি আরও জরুরি হবে। আমাদের শিক্ষার্থীদেরকে স্নাতক হতে, ক্যাম্প ও গাউন পরে এবং বিশ্বের পথে পা বাড়ানোর সময় দেখাই তো আমাদের লক্ষ্য। সেই প্রসঙ্গে এটা বলাই বাহুল্য যে আমাদের সব প্রচেষ্টা যেন সেই অন্তিম মুহূর্তের কথা ভেবেই আপ্রাণ হয় ও DeKalb County-র প্রতিটি শিক্ষার্থীর কাজে লাগে। সব সময়ের মতই এখনও বলছি, DeKalb County School District-এ আপনার কঠিন পরিশ্রম ও দায়বদ্ধতার জন্য আপনাকে অনেক ধন্যবাদ। স্কুল শিক্ষাবর্ষ দারুণ কাটুক!

আপনার 1 নম্বর চিয়ারলিডার

Cheryl Watson-Harris, সুপারিন্টেন্ডেন্ট

পেরেন্ট অ্যান্ড ফ্যামিলি এনগেজমেন্ট বিভাগকে আন্তরিক ধন্যবাদ যে তারা ভার্সুয়াল টাউন হলের আয়োজন করে আমাদের পরিবারের সামাজিক ও মানসিক সুস্থতার বিষয়ে লক্ষ্য রেখেছেন। কোভিড-19 পুরো বিশ্বে তো বটেই, সাথে DeKalb County-র বহু পরিবারের কাছেই দুর্ভাগ্যজনক ছিল। আপনি যদি এই টাউন হলে আসতে না পারেন, তাহলে এই ফটোটি তুলে DCSD ফ্যামিলি এনগেজমেন্ট Facebook পৃষ্ঠায় গিয়ে আমাদের ডিস্ট্রিক্টের প্রদান করা রাপ-অ্যারাউন্ড পরিষেবাগুলি সম্পর্কে আরও জানতে পারেন।